# ভারত-রাশিয়া আন্তঃসরকার কমিশনের
# ২২ তম অধিবেশন

বাণিজ্য, অর্থনৈতিক, বৈজ্ঞানিক, প্রযুক্তিগত এবং সাংস্কৃতিক সহযোগিতা (আইআরআইজিসি-টিইসি) বিষয়ক ভারত-রাশিয়া আন্তঃসরকার কমিশনের ২২তম অধিবেশন অনুষ্ঠিত হবে নয়াদিল্লিতে ১৩ সেপ্টেম্বর, ২০১৬। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন পররাষ্ট্র মন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ, অন্যদিকে, রাশিয়ার প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন মহামান্য জনাব দিমিত্রি ওলেগোভিজ রোগোজিন, রাশিয়া যুক্তরাষ্ট্রে সরকারের ডেপুটি চেয়ারম্যান। কমিশনের শেষ বৈঠক হয়েছিল মস্কোতে, অক্টোবর ২০১৫।

আন্তঃসরকার কমিশন বাণিজ্য, অর্থনৈতিক, বৈজ্ঞানিক, শিক্ষা ও সাংস্কৃতিক সহযোগিতা-সহ দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে বিস্তৃত কার্যপ্রণালী পর্যালোচনার জন্য একটি রূপরেখা প্রদান করবে।

ভারত ও রাশিয়ার মধ্যে বিশেষ অধিকারপ্রাপ্ত স্ট্যাটিজিক অংশীদারিত্বের সম্পর্ক বিদ্যমান। আসন্ন বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী এবং ডেপুটি চেয়ারম্যান রোগোজিন আইআরআইজিসি-টিইসি-র অধীন কর্মরত বিভিন্ন গ্রুপ এবং উপগ্রুপের কাজ পর্যালোচনা করবেন। রাশিয়া যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট মহামান্য জনাব ভ্লাদিমির পুতিনের অক্টোবর ২০১৬ তে আসন্ন ভারত সফরের প্রস্তুতি নিয়েও আলোচনা করবেন।

**নয়াদিল্লি**

**সেপ্টেম্বর ১২, ২০১৬**